

শিক্ষার্থী ও অভিভাবকগণের জ্ঞাতব্য বিষয়

পরীক্ষা সংক্রান্ত

- ১। ২০২২ সালে অর্ধ-বার্ষিক ও বার্ষিক দুইটি মূল পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ২। টিউটোরিয়্যাল পরীক্ষার পরিবর্তে মার্চ মাসের শেষার্ধ্বে মিডটার্ম-১ এবং আগস্ট মাসের শেষার্ধ্বে মিডটার্ম-২ অনুষ্ঠিত হবে। মিডটার্ম-১ ও ২ পরীক্ষার সময় ও নম্বর অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষার ৫০%।
- ৩। বিষয় শিক্ষকগণ শ্রেণিতে ক্লাশটেস্ট নেবেন।
- ৪। সকল প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
- ৫। মিডটার্ম ও অর্ধ-বার্ষিক পরীক্ষার উত্তরপত্র শিক্ষার্থীকে শ্রেণিকক্ষে দেয়া হবে। অভিভাবকের স্বাক্ষর নিয়ে তিন দিনের মধ্যে বিষয় শিক্ষককে ফেরত দিতে হবে।
- ৬। প্রত্যেক পরীক্ষার পর সার্বিক মূল্যায়ণ তথ্য সম্বলিত প্রোগ্রেস রিপোর্ট শিক্ষার্থীর মাধ্যমে অভিভাবকের নিকট প্রেরণ করা হবে। অভিভাবকগণ স্বাক্ষর দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রোগ্রেস রিপোর্ট শ্রেণি শিক্ষকের নিকট ফেরত পাঠাবেন। বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার পর প্রোগ্রেস রিপোর্ট ফেরত দিতে হবে না।
- ৭। ফলাফল তৈরীঃ মূলপরীক্ষা, মিডটার্ম পরীক্ষা, ক্লাসটেস্ট, বাড়ির কাজ ইত্যাদিসহ সাধারণ মূল্যায়ণে (এস,বি,এ) প্রাপ্ত নম্বর নির্ধারিত হারে প্রোগ্রেস রিপোর্টে সমন্বয় করা হবে। অতএব, একজন শিক্ষার্থীকে ভাল ফলাফলের জন্য সকল কিছুতেই সক্রিয় অংশ গ্রহণ করতে হবে।
- ৮। শিশু থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত সকল বিষয়ের শ্রেণির কাজ ও বাড়ির কাজের খাতা অফিস থেকে সংগ্রহ করবে।

সাধারণ মূল্যায়ণ (এস, বি,এ)

- ১। প্রত্যেক বিষয়ে বাড়ির কাজ থাকবে। বাড়ির কাজের খাতায় মাঝে মাঝে নির্ধারিত কাজ (Assignment) থাকবে।
- ২। শ্রেণির কাজ, ব্যবহারিক কাজ, শ্রেণি অভিক্ষা, দলীয় কাজ ইত্যাদি বিষয়ে শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকগণ মূল্যায়ণ করবেন।
- ৩। দৈনিক উপস্থিতির রেকর্ড প্রোগ্রেস রিপোর্টে দেওয়া হবে। উপস্থিতির জন্য সর্বোচ্চ দশ নম্বর নির্ধারিত থাকবে।
- ৪। ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ, আচরণ, নামাজে অভ্যাস, শৃঙ্খলাবোধ এ সকল বিষয়ে মূল্যায়ণ করে নম্বর দেওয়া হবে।